# কিতাবুল মোকাদ্দস, ইঞ্জিল শরীফ ও ঈসায়ী ধর্ম

বিভাগ/অধ্যায়ঃ ৯. হে কিতাবীগণ, তাওরাত ও ইঞ্জিল কায়েম করুন

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ২. শির্ক-কুফর-এর শাস্তি

কিতাবুল মোকাদ্দসে শির্ক-কুফর-এর শাস্তি মৃত্যুদণ্ড। যদি কোনো ব্যক্তি কোনোভাবে মূর্তি, ছবি বা প্রতিকৃতি প্রতিষ্ঠা করে, শির্ক করে বা শির্কের প্ররোচনা দেয় তাহলে তাকে প্রস্তরাঘাতে হত্যা করতে হবে। কোনো নবী অনেক মু'জিযা দেখানোর পর কোনোভাবে শির্কের প্ররোচনা দিলে তাকেও প্রস্তরাঘাতে হত্যা করতে হবে। কোনোরূপ করুণা দেখানো যাবে না। যদি কোনো জনপদবাসী কোনোরূপ শির্কে নিপতিত হলে সে গ্রামের বা নগরের সকল মানুষকে অবশ্যই হত্যা করতে হবে এবং সে গ্রামের সকল জীব-জানোয়ার পশুও হত্যা করতে হবে। গ্রামের সকল সম্পদ ও দ্রব্যাদি পুড়িয়ে ফেলতে হবে। এক্ষেত্রে তাওবারও কোনো সুযোগ নেই। (যাত্রাপুস্তক ২২/২০, ৩২/২৮, দ্বিতীয় বিবরণ ১৩/১-১৬, ১৭/২-৭, ১ রাজাবলী ১৮/৪০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11175

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন